



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্রট নং-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.১০.০০০০.০০৫.৯৯.৮৬৬.১০- ০২

তারিখঃ ০৬/১০/২০১৯
১৭ জানুয়ারি ২০২১


অফিস আদেশ

জনাব মোঃ আব্দুল মান্নান, চেইনম্যান (সাময়িক বরখাস্ত), প্রকৌশল বিভাগ, অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে কর্মরত ছিলেন। একই অঞ্চলের কার্যসহকারী জনাব মোঃ মমতাজুল ইসলামের সাথে যোগসাজশে তিনি হোল্ডিং নং ১৫/০৫, তাজমহল রোড, মোহাম্মাদপুর এ ৬৫,০০০/- (পয়ষট্টি হাজার) টাকার বিনিময়ে অবৈধভাবে রাস্তা খনন করে পানির লাইনের সংযোগ প্রদানের কাজে স্বশরীরে উপস্থিত থেকে সম্পূর্ণ ছিলেন। ইতোপূর্বে অবৈধভাবে সড়ক খনন কাজে লিপ্ত থাকায় তাকে অঞ্চল-১ থেকে অঞ্চল-৫ এ বদলী করা হয়েছে। এছাড়াও নির্ধারিত সময়ের পূর্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ইচ্ছামত অফিস ত্যাগ করাসহ অফিসের শৃঙ্খলা মেনে চলার জন্য বহুবার মৌখিকভাবে তাকে সতর্ক করা হয়। কিন্তু তার আচরণের কোন পরিবর্তন হয়নি। সে মতে তার বিরুদ্ধে ঢাকা পৌর কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ১৯৮৯ এর ৩৯ (ক) (খ) ও (ঙ) উপধারা মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নং ১৯/২০১৭ রুজু করা হয়।

২.০ উক্ত বিভাগীয় মামলাটি চলমান অবস্থায় জনাব মোঃ আব্দুল মান্নান (সাময়িক বরখাস্ত) গত ১৪/০৯/২০২০ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। তার মৃত্যুর বিষয়ে ডিএনসিসি'র সচিব দপ্তর হতে গত ০১ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ ৪৬.১০.০০০০.০০৫.৪৫.০৫৭.২০-৩৬০ নম্বর স্মারকে মৃত্যুর নোটিশ জারি করা হয়।

৩.০ জনাব মোঃ আব্দুল মান্নান মৃত্যুবরণ করায় তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার কার্যকারিতা নেই। সে মতে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা করা হলো।

৪.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
ফোন নং- ৪৮৮১১৩৩৩
ceo@dncc.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
৬. নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. অফিস কপি।